

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং-৪৫.১৭৪.০০২.০৪.০০.০০৪.২০১১-২০৫-২০৭

তারিখ : ০৯.০৬.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭১৬) আওতাধীন “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপ্ৰুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১২-২০১৩ অর্থ বৎসরের সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ৯৯৭.০০ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ২০.০৫.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.০৪.০০.০০৪.২০১১-১৮০ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপ্ৰুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে ৪র্থ কিস্তি বাবদ ৯৯৭.০০ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ) (জেডিসিএফ) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারী করা হয়েছেঃ


(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭১৬)	“এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপ্ৰুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০)	অনুমোদিত	৪র্থ কিস্তির জিওবি অর্থ	৬১.০০	৯৩৬.০০	৯৯৭.০০

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- এই ব্যয় চলতি ২০১২-২০১৩ অর্থ বৎসরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭১৬) এর “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপ্ৰুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) হতে বহন করা হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। অর্থ বিভাগের ০৫.০৬.২০১৩ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১৬.৪৬.২০১২-১৮০ নম্বর স্মারকের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হল।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য-


নথি নং-৪৫.১৭৪.০০২.০৪.০০.০০৪.২০১১-২০১১(৬)

২০৭

তারিখ : ০৯.০৬.২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, এক্সপানশন এন্ড কেয়ালিটি ইম্প্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন প্রজেক্ট, সেবা পরিদপ্তর, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব